রেজিস্টার্ড নং ডি এ-১ | ২০১৬ সনের ১৫ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, এপ্রিল ১৪, ২০১৬**

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ২৫৯—২৬৪ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৩০৯—৩৩৭ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৫৫—৬৪ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৪৭৩—৪৯৭ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) .......................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**শৃঙ্খলা-৪ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১০ পৌষ ১৪২২/২৪ ডিসেম্বর ২০১৫

**নং ০৫.০০.০০০০.১৮৩.২৭.০০৪.১৫(বিমা)-৪১৩**—যেহেতু, জনাব মোঃ নুরুল আলম (৫৩৩৫), অতিরিক্ত বিভাগীয় কমিশনার, বরিশাল ও প্রাক্তন প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ঝালকাঠি-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(এ)(IV) অনুযায়ী 'অদক্ষতা' এবং ৩(বি) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে ৩১-০৫-২০১৫ তারিখে কৈফিয়ত তলব করা হয়;

যেহেতু, তিনি গত ০২-০৭-২০১৫ তারিখ কৈফিয়তের জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানি প্রার্থনা করলে ১৭-০৯-২০১৫ তারিখে ব্যক্তিগত শুনানি গৃহীত হয়;

যেহেতু, বিভাগীয় মামলার কৈফিয়তের জবাব এবং ব্যক্তিগত শুনানি গ্রহণান্তে ন্যায় বিচার নিশ্চিত করার লক্ষ্যে বিষয়টি তদন্তের প্রয়োজনীয়তা অনুভূত হওয়ায় জনাব জয়ন্ত কুমার সিকদার (৫৫৮৭), যুগ্ম-সচিব (তদন্ত-১) জনপ্রশাসন মন্ত্রণালয়-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা গত ১৩-১২-২০১৫ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ নুরুল আলম (৫৩৩৫), প্রাক্তন প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ঝালকাঠি বর্তমানে অতিরিক্ত বিভাগীয় কমিশনার, বরিশাল এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(এ)(IV) অনুযায়ী 'অদক্ষতা' এবং ৩(বি) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি;

সেহেতু, জনাব মোঃ নুরুল আলম (৫৩৩৫), অতিরিক্ত বিভাগীয় কমিশনার, বরিশাল ও প্রাক্তন প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ঝালকাঠি- কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(এ)(IV) অনুযায়ী ''অদক্ষতা'' এবং ৩(বি) অনুযায়ী ''অসদাচরণ'' এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**অর্থ মন্ত্রণালয়**
**ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রীয় ব্যাংক অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ০৪ জানুয়ারি ২০১৬

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০০১.১৬-০৫**—প্রবাসী কল্যাণ ব্যাংক আইন, ২০১০ এর ১০(১)(ঙ) ধারার প্রদত্ত ক্ষমতাবলে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অতিরিক্ত সচিব জনাব গকুল চাঁদ দাস এর স্থলে একই বিভাগের যুগ্ম-সচিব সৈয়দা নুরুন নাহার-কে প্রবাসী কল্যাণ ব্যাংকের পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০০১.১৬-০৬**—বাংলাদেশ কৃষি ব্যাংক আদেশ, ১৯৭৩ এর ০৭ ধারার বিধান অনুযায়ী বাংলাদেশ কৃষি ব্যাংকের পরিচালনা পর্ষদের পরিচালক জনাব শাহাবুদ্দিন আহমদ, অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ এর পরিবর্তে জনাব আবুল মনসুর মোঃ ফয়জুল্লাহ, অতিরিক্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা- কে পরিচালক হিসেবে পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০০১.১৬-০৭**—ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ আইন, ২০১৪ এর ৭(১)(খ) ধারা অনুসারে আইসিবি এর পরিচালনা পর্যদে পরিচালক জনাব গকুল চাঁদ দাস, অতিরিক্ত সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এর স্থলে জনাব মুহাম্মদ আলকামা সিদ্দিকী, অতিরিক্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা- কে পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০০১.১৬-০৮**—ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ আইন, ২০১৪ এর ৭(১)(খ) ধারা অনুসারে আইসিবি এর পরিচালনা পর্যদে পরিচালক জনাব কাজী শফিকুল আযম, অতিরিক্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এর স্থলে জনাব মোঃ শফিকুল ইসলাম, যুগ্ম-সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা- কে পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোঃ রিজওয়ানুল হুদা**
উপসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৭ জানুয়ারি ২০১৬

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০০১.১৬-১৪**—আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংক আইন, ১৯৯৫ এর ৯(১)(খ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনাব অরিজিৎ চৌধুরী, অতিরিক্ত সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এর স্থলে সৈয়দ মোঃ মতলুবুর রহমান, অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা-কে আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংকের পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোঃ সাঈদ কুতুব**
উপসচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৬**

**আদেশাবলী**

তারিখ, ০৮ ডিসেম্বর ২০১৫

**নং আর-৬/৭এন-২২/২০১৫-৭২৪**—সরকার নোটারী অধ্যাদেশ ১৯৬১ সালের (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে খাগড়াছড়ি জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মহিউদ্দিন কবীর, পিতা মরহুম শাহজাহান কবীর-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ করিল :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন-৪৭/২০১৫-৭২৫**—সরকার নোটারী অধ্যাদেশ ১৯৬১ সালের (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব সাবিনা পারভীন, পিতা ডাঃ খবির উদ্দীন তালুকদার-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ করিল :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**উম্মে কুলসুম**
উপ-সচিব (প্রশাসন-২)।

**আদেশ**

তারিখ, ২৪ ডিসেম্বর ২০১৫

**নং আর-৬/৭এন-৪৬/২০১৫-৭২৭**—সরকার নোটারী অধ্যাদেশ ১৯৬১ সালের (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে মৌলভীবাজার জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট শ্রী নিখিল রঞ্জন দাশ, পিতা শ্রী নরেশ চন্দ্র দাশ-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদের জন্য নোটারীরূপে নিয়োগ করিল :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহেল আহমেদ**
উপ-সচিব (প্রশাসন-২)।

---

**বিচার শাখা-৭**

**আদেশাবলী**

তারিখ, ১৪ ডিসেম্বর ২০১৫

**নং বিচার-৭/২এন-০৯/২০১৪-৬৯১**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব প্রবীর কুমার কর্মকার, পিতা গৌতম চন্দ্র, মাতা লীল রানী কর্মকার, গ্রাম দাসেরজঙ্গল, ডাকঘর গোসাইরহাট, উপজেলা গোসাইরহাট, জেলা শরীয়তপুর) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে শরীয়তপুর জেলার গোসাইরহাট উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগ লাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ, ১৭ ডিসেম্বর ২০১৫

**নং বিচার-৭/২এন-১১/২০১৩-৬৯৩**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মুক্তি রানী বালা, স্বামী সুবির কুমার সাহা, মাতা করুনা রানী বালা, মহল্লা পারুল কুঞ্জ (৩য় তলা), ফকির বাড়ী রোড, উপজেলা বরিশাল, জেলা বরিশাল) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বরিশাল জেলার বরিশাল সিটি কর্পোরেশনের ১৬, ১৭ ও ১৮ নং ওয়ার্ডের জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগ লাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ, ২৮ ডিসেম্বর ২০১৫

**নং বিচার-৭/২এন-০৭/০৪-৭২৬**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব আব্দুর রাজ্জাক, পিতা মৃত আরশেদ আলী, মাতা জাহানারা খাতুন, গ্রাম-শান্তিনগর, ডাকঘর-বাহিরমাদী, উপজেলা-দৌলতপুর, জেলা কুষ্টিয়া।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলার ৩ নং ফিলিপনগর ইউনিয়নের ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ, ৩০ ডিসেম্বর ২০১৫

**নং বিচার-৭/২এন-১০২/২০১৪-৭৩৬**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব শ্রীমতি কৃষ্ণা দেবী, স্বামী শ্রী যতিন্দ্র নাথ সরকার, গ্রাম-রাজাবাড়ী হাট, ডাকঘর-রাজাবাড়ী হাট, উপজেলা-গোদাগাড়ী, জেলা-রাজশাহী।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে রাজশাহী জেলার গোদাগাড়ী উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগ লাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ৩১ ডিসেম্বর ২০১৫

**নং বিচার-৭/২এন-১৬৪/৮৬-৭৩৮**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব আবু বকর সিদ্দিক, পিতা বিল্লাল হোসেন, মাতা রাশিদা খাতুন, গ্রাম-গাড়াবাড়ীয়া, ডাকঘর-মহেশপুর, উপজেলা-মহেশপুর, জেলা-ঝিনাইদহ)-কে এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ঝিনাইদহ জেলার মহেশপুর পৌরসভার ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**নং বিচার-৭/২এন-০৪/০১-৭৩৯**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ ইয়াকুব আলী, পিতা মোঃ আব্দুর রহিম, মাতা বেগম রোকেয়া, গ্রাম-বাঁকড়া, ডাকঘর-বাঁকড়া বাজার, উপজেলা-আশাশুনি, জেলা-সাতক্ষীরা।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সাতক্ষীরা জেলার আশাশুনি উপজেলার ১ নং শোভনালী ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**ওয়াসিম শেখ**
সিনিয়র সহকারী সচিব।

**বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**
**বিদ্যুৎ বিভাগ, পরিকল্পনা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২০ ডিসেম্বর ২০১৫

**নং ২৭.০০.০০০০.০৮২.০২৪.০২৬.১৫.৩৮৭**—জাইকার সহায়তায় "Cox's Bazar and Southern Chittagong Area Integrated Development Master Plan" প্রণয়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সেক্টরসমূহের তথ্য সংগ্রহের উদ্দেশ্যে "Data Collection Survey on Integrated Development of Southern Chittagong Region" শীর্ষক কর্মসূচি হাতে নেয়া হয়েছে। উক্ত সার্ভের অংশ হিসেবে বিদ্যুৎ ও জ্বালানী সেক্টর সংশ্লিষ্ট তথ্য সংগ্রহ কার্যক্রমের সমন্বয়, তদারকি ও সংগৃহীত তথ্য পর্যালোচনার উদ্দেশ্যে Power & Energy Working Group (P&E-WG) নির্দেশক্রমে নিম্নরূপভাবে গঠন করা হলো :

**চেয়ারপার্সন**

(১) অতিরিক্ত সচিব, বিদ্যুৎ বিভাগ

**কো-চেয়ার**

(২) অতিরিক্ত সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ

**সদস্যবৃন্দ**

(৩) প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রতিনিধি
(৪) অর্থনৈতিক সম্পর্ক বিভাগের প্রতিনিধি
(৫) পানি সম্পদ মন্ত্রণালয়ের প্রতিনিধি
(৬) পরিবেশ ও বন মন্ত্রণালয়ের প্রতিনিধি
(৭) ভূমি মন্ত্রণালয়ের প্রতিনিধি
(৮) পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি
(৯) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের প্রতিনিধি
(১০) পেট্রোবাংলার প্রতিনিধি

(১১) বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের প্রতিনিধি

(১২) গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিঃ এর প্রতিনিধি

(১৩) কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিঃ এর প্রতিনিধি

(১৪) পাওয়ার গ্রীড কোম্পানি অব বাংলাদেশ লিঃ এর প্রতিনিধি

(১৫) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের প্রতিনিধি

**সদস্য-সচিব**

(১৬) মহাপরিচালক, পাওয়ার সেল, বিদ্যুৎ বিভাগ

২। **Working Group-এর কার্যপরিধি :**

(ক) JICA Survey Mission এর তথ্য সংগ্রহ কাজের সমন্বয়; এবং

(খ) JICA Survey Mission কর্তৃক সংগৃহীত তথ্য পর্যালোচনা ও প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান।

৩। Working Group প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ প্রজ্ঞাপন জারি করা হলো।

**মুহাম্মদ চিশতী আশেক**
সহকারী প্রধান।

---

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**
**পর্যটন শাখা-১**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২৮ ডিসেম্বর ২০১৫

**নং ৩০.০১৫.০১১.০০.০০.০০১.২০০১-৪৬৩**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের ২০-১১-২০১৩ তারিখের ৩০.০১৫.০১১.০০.০০.০০১.২০০১-৪৫৬ সংখ্যক প্রজ্ঞাপনের অনুবৃত্তিক্রমে বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড এর পরিচালনা পর্ষদের পরিচালক এয়ার কমোডর লুৎফুর রহমান, এনডিইউ, পিএসসি (অবঃ)-এর নিয়োগের মেয়াদ ০১-০১-২০১৬ তারিখ হতে ০১ (এক) বছর বৃদ্ধিপূর্বক নিম্নবর্ণিত শর্তে বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড (বিএসএল)-এর ব্যবস্থাপনা পরিচালক পদে চুক্তিভিত্তিতে পুনঃনিয়োগ প্রদান করলেন :

**শর্তাবলী:**

(ক) মূল বেতন-মাসিক টাকা ৪০,০০০/- (চল্লিশ হাজার);

(খ) বাড়ী ভাড়া মাসিক টাকা ২৫,০০০ (পঁচিশ হাজার);

(গ) সার্বক্ষণিক গাড়ী ব্যবহার এবং প্রতিমাসে সর্বোচ্চ ৪৫০ লিটার জ্বালানী;

(ঘ) অন্যান্য সুযোগ-সুবিধা বিএএল এর প্রাপ্যতা অনুযায়ী;

(ঙ) বেতন হইতে পেনশন ভাতা বাদ দিতে হবে; এবং

(চ) 'কোন কারণ না দর্শাইয়া যে কোন পক্ষ হইতে ০১(এক) মাসের নোটিশ অথবা তৎপরিবর্তে এক মাসের বেতন প্রদান সাপেক্ষে এই চুক্তি বাতিল করা যাবে।'

২। এই আদেশ জনস্বার্থে জারি করা হইল এবং ইহা ০১-০১-২০১৬ তারিখ হহইতে কার্যকর হবে।

তারিখ, ২৯ ডিসেম্বর ২০১৫

**নং ৩০.০১৫.০১৮.০০.০০.০৪১.২০০৩-৪৬**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (এফবিসিসিআই)-এর প্রাক্তন সভাপতি জনাব কাজী আকরাম উদ্দিন আহমদ এর স্থলে বর্তমান সভাপতি জনাব আব্দুল মাতলুব আহমাদ-কে পুনরাদেশ না দেয়া পর্যন্ত হোটেলস ইন্টারন্যাশনাল লিমিটেড (হিল) এর পরিচালনা পর্ষদের পরিচালক পদে নিয়োগ প্রদান করিলেন।

২। এই আদেশ জনস্বার্থে জারী করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সামিহা ফেরদৌসী**
সিনিয়র সহকারী সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**অধিগ্রহণ শাখা-২**
**এল, এ কেস নং ১০১/৮০-৮১**
**ঘোষণাপত্র**
**ফরম-ঘ**
**সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইনের ৫(৭) ধারা মোতাবেক**

**নোটিশ**

তারিখ, ২৭ ডিসেম্বর ২০১৫

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.০৮৫.১৫-৪৬৩**—যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ০৫-০৫-১৯৮১ খ্রিঃ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে।

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

সেহেতু উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিল বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো।

**তফসিল**

উপজেলা-শ্রীমঙ্গল, মৌজা-রূপশপুর, জেএলনং-৬৭।

| খতিয়ান নং | দাগ নং | শ্রেণি | মোট এরিয়া | হুকুমদখলকৃত এরিয়া |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১৪৯ | ১৪১৮ | বাড়ী | ০.১৪ একর | ০.১৪ একর |

**আফরোজা আক্তার**
সহকারী সচিব।

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**তদন্ত ও শৃঙ্খলা শাখা**

**আদেশ**

তারিখ, ২৩ পৌষ ১৪২২/০৬ জানুয়ারি ২০১৬

**নং প্রাগম/তঃশৃঃ/বিমা-১২/২০১৫-২৭৯**—যেহেতু, জনাব মোঃ সাইফুল ইসলাম, সহকারী জেলা প্রাথমিক অফিসার, নড়াইল (প্রাক্তন সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বগুড়া)- এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) উপবিধি মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন;

যেহেতু, তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানী গ্রহণের পর বিভাগীয় মামলাটি অধিকতর তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনা করে তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় তাকে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মোঃ সাইফুল ইসলাম, সহকারী জেলা প্রাথমিক অফিসার, নড়াইল-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(২)(এ) উপ-বিধি মোতাবেক বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ হুমায়ুন খালিদ**
সচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**শৃঙ্খলা-১ শাখা**

**আদেশ**

তারিখ, ২৯ ডিসেম্বর ২০১৫

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১০০.২০১৫-৯০৩**—যেহেতু, ডাঃ রাজিব সরকার (১২৯৭০৬), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এবং সংযুক্তি-উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ইটনা, কিশোরগঞ্জ গত ০৪-০৩-২০১৫খ্রিঃ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ১১-১১-২০১৫ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১০০.২০১৫-৭৪৮ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ২২-১২-২০১৫ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

এক্ষণে, সেহেতু, ডাঃ রাজিব সরকার (১২৯৭০৬), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এবং সংযুক্ত-উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ইটনা, কিশোরগঞ্জ এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য, তার শারীরিক অসুস্থতা এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। তাঁর ০৪-০৩-২০১৫ খ্রিঃ তারিখ হতে কর্মস্থলে যোগদানের পূর্বদিন পর্যন্ত সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হল।

**বিমান কুমার সাহা** এনডিসি
অতিরিক্ত সচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**শাখা-৯ (কলেজ-৪)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৮ চৈত্র ১৪২২/১১ এপ্রিল ২০১৬

**নং ৩৭.০০৯.০১৮.০৮.০০.০০১.২০১০-৬৪৩**—খুলনা জেলার কয়রা উপজেলাধীন 'কয়রা মহিলা কলেজ' ৩০ মার্চ ২০১৬ তারিখ হতে জাতীয়করণ করা হ'ল। শর্ত থাকে যে উক্ত কলেজে আত্তীকৃত শিক্ষকবৃন্দ অন্যত্র বদলি হতে পারবেন না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাছিমা খানম**
সিনিয়র সহকারী সচিব।